

পুনর্নবা

আমি তো শরীরে নেই আর  
মূর্তি ভেঙে, ঘট ভেঙে, ধুব্তোরের ডঙ্কাটি বাজিয়ে  
হাওয়া হয়ে বেড়িয়ে পড়েছি।

তোমার কঙ্কায় নেই, তোমার কলহে নেই আর  
সম্পূর্ণ গোল্লায় যাচ্ছি অস্তিত্ব উড়িয়ে—  
নিজেকে পুড়িয়ে মেঘ ডাকতে  
চলে যাচ্ছি আমি।

কোনো জ্বলা রাখবো না আমি।  
মেঘ ডেকে নিজের চিতায়  
কলস-কলস বৃষ্টি ঢেলে দিয়ে যাবো।

আবার নদীটি প'রে সবুজ মাধুরী হয়ে বসে থেকে। তুমি।

কমলেশ পাল

